

স্মারক নং- মবিঅ/পাথর/১০৩/২০২৩

তারিখ : ২৬/১১/২০২৩ খ্রি.

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় পাথরঘাটা উপজেলার অধীনে স্থাপিত ০১ (এক) টি ক্লাবের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও অগ্রহী প্রার্থী হিসেবে অত্র উপজেলার স্থায়ী নাগরিকদের নিকট থেকে ক্লাবের প্যানেল তৈরির জন্য আবেদনপত্র আহবান করা হচ্ছে।

ক্রঃ নং	পদের নাম, বেতন/সাকুল্যে বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
০১	সঙ্গীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	০১ (এক) টি (৯৭ নং দক্ষিণ জ্ঞানপাড়া নেগাবানিয়া সঃ প্রাঃ বিদ্যালয়ের ক্লাবের জন্য)	এস.এস.সি পাশ এবং সঙ্গীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী / সঙ্গীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলিঃ

- ০১। প্রার্থীকে আগামী ১৯/১২/২০২৩ ইং তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার পাথরঘাটা বরাবরে লিখিতভাবে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম (dwa.pathorghata.barguna.gov.bd) ওয়েব সাইটে এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এর কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পাথরঘাটা, অফিস কক্ষে পাওয়া যাবে।
- ০২। সঙ্গীত শিক্ষক পদে নিয়োগলাভের জন্য প্রার্থীকে পাথরঘাটা উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০৩। সরকার নির্ধারিত কোটায় (শহিদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারী সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ০৪। আগামী ১৯/১২/২০২৩ ইং তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে তবে নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- ০৫। আবেদন পত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৬। আবেদন পত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৭। চাকুরীরত প্রার্থীদের আবেদন পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৮। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদ পত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ০৯। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১০। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। উল্লেখ্য যে উক্ত স্মারক মোতাবেক যারা আবেদন করছেন তাদের পুনঃরায় আবেদন করতে হবে না।
- ১২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৪। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করে।



(মোঃ রোকনুজ্জামান খান)
উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক, উপজেলা প্যানেল কমিটি
“কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প
পাথরঘাটা, বরগুনা।